



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০২০/ *মুদ্রা/৫*

তারিখ: ২৭/০৬/২০২২ খ্রি:

বিষয়ঃ কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আদর্শ কলেজের পৌরনীতি ও সুশাসন বিষয়ের প্রভাষক জনাব মো: মহিউদ্দিন-এর নিয়োগের বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্রঃ ১. আঞ্চলিক কার্যালয়ের স্মারক নং-১১২৫, তারিখ: ০১/০৩/২০২২ খ্রি.
২. রিট পিটিশন নং-১০৭৬২/২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আদর্শ কলেজের পৌরনীতি ও সুশাসন বিষয়ের প্রভাষক জনাব মো: মহিউদ্দিন এবং ইতোপূর্বে একইপদে নিয়োগকৃত জনাব মো: হুমায়ুন কবিরের মধ্যে এমপিওভুক্তির জন্য কে বিবেচিত হবে মর্মে আঞ্চলিক কার্যালয়ের সূত্রোস্থ ০১ নং স্মারক মোতাবেক একটি নির্দেশনা চেয়ে আবেদন প্রেরণ করা হয়েছে। বর্ণিত বিষয়ে জনাব মো: মহিউদ্দিন তার এমপিওভুক্তির জন্য মহামান্য হাইকোর্ট-এর রিট পিটিশন নং-১০৭৬২/২০২১ দাখিল করেন। মহামান্য হাইকোর্ট ০১/১২/২০২১খ্রি. তারিখ রুল নিশি প্রদান করেন। উক্ত মামলার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখা হতে মতামত প্রদান করেন।

আইন শাখার মতামত: জনাব মো: মহিউদ্দিন কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১০৭৬২/২১ বিচারাধীন রয়েছে। বর্ণিত রিট পিটিশন নিষ্পত্তি হলে মতামত প্রদান করা হবে।”

এমতাবস্থায়, কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আদর্শ কলেজের পৌরনীতি ও সুশাসন বিষয়ের প্রভাষক জনাব মো: মহিউদ্দিন এর এমপিওভুক্তির বিষয়ে সূত্রোস্থ রিট পিটিশন নিষ্পত্তি হলে উক্ত বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

AK-296
23.6.22

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সভাপতি, পরিচালনা পরিষদ, গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা;
০২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা
০৩. অধ্যক্ষ, গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা;
০৪. জনাব মো: মহিউদ্দিন/মো: হুমায়ুন কবির, প্রভাষক (পৌরনীতি ও সুশাসন), গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা;
০৫. সংরক্ষণ কপি।